

ক্লাস মূল্যায়নেই ৮ম শ্রেণির সনদ দিতে সুপারিশ

নিজস্ব প্রতিবেদক

৩০ মে ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ৩০ মে ২০২২

০১:২৫ এএম

আমাদের সময়

advertisement

চলতি বছরও অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা না নিয়ে গত দুই বছরের মতো ক্লাস মূল্যায়নের মাধ্যমে এই স্তরের শিক্ষার্থীদের সনদ দেওয়ার সুপারিশ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড, ঢাকা।

আগামী জুন এবং আগস্ট মাসে এসএসসি ও এইচএসসি পরীক্ষা নেওয়ার পর নভেম্বরে জেএসসি ও জেডিসি পরীক্ষার আয়োজন করা অনেক কষ্টসাধ্য, সময় স্বল্পতাও রয়েছে। এ বিষয়ে বোর্ড থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পরীক্ষা না নিয়ে ক্লাসের মূল্যায়নের মাধ্যমে সনদ দেওয়ার মতামত দেওয়া হয়েছে বলে জানিয়েছেন আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয়

কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের নব নিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

গতকাল রবিবার দুপুরে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান তিনি।

তিনি বলেন, ১৯ জুন থেকে এসএসসি ও সমমান এবং ২২ আগস্ট থেকে এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব লিখিত পরীক্ষা ও ব্যবহারিক পরীক্ষা শেষ করতে অক্টোবরের শেষ পর্যন্ত চলে যাবে। এর পর নভেম্বরে এসে ৩০ লাখ শিক্ষার্থীর জেএসসি-জেডিসি পরীক্ষা নেওয়া অনেক কষ্টকর হবে।

তিনি আরও বলেন, নতুন কারিকুলামে জেএসসি-জেডিসি পরীক্ষার কোনো অস্তিত্ব থাকবে না। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠকে পরীক্ষা নিয়ে আমরা আমাদের এসব মতামত জানিয়েছি। তবু যদি শিক্ষা মন্ত্রণালয় জেএসসি-জেডিসি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত দেয় সেক্ষেত্রে পরীক্ষা আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা নেব।